

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৬৫০

১/ পবিত্রতা ও তার সুন্নাতসমূহ (كتاب الطهارة وسننها)

পরিচ্ছেদঃ ১/১২৯. যে ব্যক্তি হায়েযগ্রস্তা স্ত্রীর সাথে সঙ্গম করলো।

بَابِ مَنْ وَقَعَ عَلَى امْرَأَتِهِ وَهِيَ حَائِضٌ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ الْجَرَّاحِ، حَدَّثَنَا أَبُو الأَحْوَصِ، عَنْ عَبْدِ الْكَرِيمِ، عَنْ مِقْسَمٍ، عَنِ ابْنِ عَبْدُ اللَّهِ بَنُ الْجَرَّاحِ، حَدَّثَنَا أَبُو الأَحْوَصِ، عَنْ عَبْدِ الْكَرِيمِ، عَنْ مِقْسَمٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ كَانَ الرَّجُلُ إِذَا وَقَعَ عَلَى امْرَأَتِهِ وَهِيَ حَائِضٌ أَمَرَهُ النَّبِيُّ - صلى الله عليه وسلم - أَنْ يَتَصدَدَّقَ بِنِصْفِ دِينَارٍ .

বাংলা

১/৬৫০। ইবনু আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, কোন ব্যাক্তি তার হায়েযগ্রস্তা স্ত্রীর সাথে সহবাস করলে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে অর্ধ-দ্বীনার সদাকা (দান-খয়রাত) করার নির্দেশ দিয়েছেন।

English

It was narrated that Ibn 'Abbas said:

"If a man had intercourse with his wife while she was menstruating, the Prophet commanded him to give half a Dinar in charity."

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: তিরমিয়ী ১৩৩, আবূ দাউদ ২১২, আহমাদ ১৮৫২৮, ২১৯৯৯; দারিমী ১০৭৩।

তাহকীক আলবানী: যঈফ। তাখরীজ আলবানী: আবূ দাউদ ২৬৬ যঈফ, ২১৬৮ সহীহ, ইবনু মাজাহ ৬৪০ সহীহ, নাসায়ী ২৮৯, ৩৭০ সহীহ, তিরমিয়ী ১৩৬ যঈফ। উক্ত হাদিসের রাবী আবদুল্লাহ ইবনুল জাররাহ সম্পর্কে আবু যুরআহ আর-রায়ী বলেন, তিনি সত্যবাদী। ইমাম নাসাঈ ও ইমাম যাহাবী বলেন, তিনি সিকাহ। আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি হাদিস বর্ণনায় অধিক ভুল করেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন